


আমার ইচ্ছাগুলি জানানো

আপনি কি জানেন?

আপনার সাথে যদি কিছু ঘটে এবং আপনি যদি আপনার স্বাস্থ্য এবং পরিচর্যার ব্যাপারে সিদ্ধান্ত না পারেন, উদাহরণস্বরূপ আপনি যদি তীব্র ডিমেন্সিয়া বা স্ট্রোকে আক্রান্ত হন, তাহলে আপনার হয়ে সিদ্ধান্ত গ্রহণ করার আইনত অধিকার আপনার পরিবারের নেই।



আপনি যদি সিদ্ধান্ত গ্রহণ করতে অক্ষম হন এবং আপনার যদি কোনরকম ভবিষ্যৎ পরিকল্পনা না থাকে, তাহলে আপনার চিকিৎসক সিদ্ধান্ত নেবেন এবং আপনাকে হয়ত সেইভাবে চিকিৎসা বা পরিচর্যা প্রদান করা হবে যেভাবে আপনি চান না।


কিভাবে ভবিষ্যতের জন্য পরিকল্পনা

করবেন

যেকোন সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষেত্রে **আপনার** ইচ্ছা এবং বিশ্বাসকে প্রাধান্য দেওয়া নিশ্চিত করতে আপনার ভবিষ্যতের চিকিৎসা এবং পরিচর্যার জন্য তিনভাবে পরিকল্পনা করা যেতে পারে:

1) আগাম বিবৃতি (বিনামূল্যে)

একটি আগাম বিবৃতির মাধ্যমে সেইসব কিছু লিখে রাখতে পারবেন যেগুলি আপনার স্বাস্থ্য এবং পরিচর্যার বিষয়ে আপনার এবং আপনার বিশ্বাসের জন্য গুরুত্বপূর্ণ। উদাহরণস্বরূপ, আপনি আপনার দৈনন্দিন প্রার্থনার সময়, আপনি যে খাবারখান এবং মেগুলি খান না, যে পোশাক



আপনি পবেন, অথবা আপনি কোথায় পরিচর্যা করতে চান তা লিখে রাখতে পারেন।

2) চিকিৎসা প্রত্যাখ্যান করার জন্য আগাম সিদ্ধান্ত (বিনামূল্যে)

কমপ্যাশন ইন ডায়িং হল ইংল্যান্ড এবং ওয়েলসের একটি নিবন্ধিত দাতব্য সংস্থা (1120203)

এবং একটি কোম্পানি গ্যারেন্টি নং 05856324-এর দ্বারা সীমাবদ্ধ

BANGLA

চিকিৎসা প্রত্যখ্যান করার জন্য আগাম সিদ্ধান্ত আপনাকে আপনি গ্রহণ করতে চান না এমন চিকিৎসাগুলি লিখে রাখতে সাহায্য করে। উদাহরণস্বরূপ, **ইঞ্জেকশন, নির্দিষ্ট কিছু ওষুধ, অথবা বা কৃত্রিমভাবে জীবিত রাখা** -এর মতো ব্যাপারগুলিকে আপনি প্রত্যখ্যান করতে পারেন।

3) স্বাস্থ্য এবং কল্যাণের জন্য লাস্টিং পাওয়ার অফ অ্যাটর্নি (£৪২ অথবা যারা স্বল্প আয় আছেন তাদের জন্য বিনামূল্যে)

স্বাস্থ্য এবং কল্যাণের জন্য লাস্টিং পাওয়ার অফ অ্যাটর্নি আপনাকে এমন কাউকে আপনার হয়ে সিদ্ধান্ত গ্রহণ করার আইনি ক্ষমতা প্রদান করে **যাকে আপনি ভরসা করেন**। এর মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে আপনার চিকিৎসা সম্বন্ধীয় সিদ্ধান্ত, কোথায় আপনার চিকিৎসা করা হয়েছে এবং আপনার প্রাত্যহিক রুটিন।



ভবিষ্যতের জন্য

পরিকল্পনা করলে

তা **আপনার** ইচ্ছা এবং বিশ্বাসকে অবগত করা এবং তা অনুসরণ করা নিশ্চিত করে এমনকি আপনি কি চান তা যদি অন্যদের নাও বলতে পারেন তাও।

আমাদের সম্বন্ধে

কমপ্যাশন ইন ডায়িং মানুষজনকে ভবিষ্যতের জন্য পরিকল্পনা করতে সাহায্য করার জন্য সহায়তা এবং তথ্য প্রদান করে। আপনি আমাদের সাথে যোগাযোগ করতে পারেন এই

উপায়ে:

- 0800 999 2434
- info@compassionindying.org.uk

কমপ্যাশন ইন ডায়িং হল ইংল্যান্ড এবং ওয়েলসের একটি নিবন্ধিত দাতব্য সংস্থা (1120203)

এবং একটি কোম্পানি গ্যারেন্টি নং 05856324-এর দ্বারা সীমাবদ্ধ

BANGLA

**COMPASSION
IN DYING.**
SUPPORTING YOUR CHOICES